বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

# ইউজিসি প্রফেসরশিপ নীতিমালা ২০২৬

**(১১-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৮তম সভায় অনুমোদিত)**

১. শিরোনাম : ইউজিসি প্রফেসরশিপ নীতিমালা ২০২৬।

২. ভূমিকা : জাতীয় ও আন্তর্জাতিকভাবে খ্যাতিমান শিক্ষাবিদের শিক্ষকতা, গবেষণা ও প্রকাশনা কাজ অব্যাহত রাখিয়া এবং জাতীয় পর্যায়ে বুদ্ধিবৃত্তিক কাজের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে দেশের বিশ্ববিদ্যালয়সমূহের অবসরপ্রাপ্ত অধ্যাপকদের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০০০ সাল হইতে 'ইউজিসি প্রফেসরশিপ' প্রবর্তন করা হইয়াছে।

৩. সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

(ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) 'কমিশন সভা' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশনের সভা;

(গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্যবৃন্দ;

(ঙ) 'কমিশন কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এবং পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(চ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(ছ) 'সার্চ কমিটি' অর্থ এই ইউজিসি প্রফেসর নিয়োগের জন্য বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করিয়া তালিকা প্রণয়নপূর্বক নিয়োগ কমিটির বরাবর সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি;

(জ) 'নিয়োগ কমিটি' অর্থ এই নীতিমালার আওতায় ইউজিসি প্রফেসর নিয়োগের জন্য কমিশন কর্তৃক গঠিত কমিটি;

(ঝ) 'নীতিমালা' অর্থ ইউজিসি প্রফেসরশিপ নীতিমালা ২০২৬।

৪. ফেলোশিপের নাম : 'ইউজিসি প্রফেসরশিপ' হিসাবে গণ্য হইবে।

৫. উদ্দেশ্য : জাতীয় ও আন্তর্জাতিকভাবে খ্যাতিমান শিক্ষাবিদের শিক্ষকতা, গবেষণা ও প্রকাশনা কাজ অব্যাহত রাখিয়া এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বুদ্ধিবৃত্তিক কাজে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে দেশের বিশ্ববিদ্যালয়সমূহের অবসরপ্রাপ্ত অধ্যাপকদের 'ইউজিসি প্রফেসরশিপ' প্রদান।

৬. মেয়াদ ও সময়কাল : (ক) যোগদানের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর 'ইউজিসি প্রফেসরশিপ'-এর মেয়াদ/সময়কাল হিসাবে গণ্য হইবে;

(খ) প্রতি বৎসর সর্বোচ্চ ৩ (তিন) জন 'ইউজিসি প্রফেসরশিপ'-এ নিয়োগ দেওয়া হইবে;

(গ) প্রতি বৎসর জুন মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হইবে এবং প্রতি অর্থ বৎসরের ১লা জুলাই হইতে 'ইউজিসি প্রফেসরশিপ'-এর মেয়াদকাল গণনা করা হইবে।

৭. যোগ্যতা/শর্তাবলি : (ক) অধ্যাপককে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) দেশের সকল বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপকগণ 'ইউজিসি প্রফেসরশিপ'-এর জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবেন;

(গ) ইতোপূর্বে ইউজিসি প্রফেসর হিসাবে নিয়োগপ্রাপ্ত অধ্যাপকগণ পুনরায় 'ইউজিসি প্রফেসরশিপ'-এর জন্য বিবেচিত হইবেন না;

(ঘ) পিআরএল (PRL) ভোগরত অধ্যাপকগণ 'ইউজিসি প্রফেসরশিপ'-এর জন্য বিবেচিত হইবেন না;

(ঙ) 'ইউজিসি প্রফেসরশিপ'-এ যোগদানের পূর্বে অধ্যাপককে তাঁহার গবেষণা কর্মপরিকল্পনা কমিশনে জমা দিতে হইবে;

(চ) ইউজিসি প্রফেসরকে দেশের যেকোনো একটি পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সংযুক্ত থাকিতে হইবে;

(ছ) ইউজিসি প্রফেসরকে নির্ধারিত মেয়াদের মধ্যে আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্নালে গবেষণালব্ধ ফলাফলের ওপর প্রবন্ধ বা দেশিয় বা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রকাশনা দ্বারা পুস্তক প্রকাশ করিতে হইবে এবং প্রকাশিত প্রবন্ধ বা পুস্তকে ইউজিসি কর্তৃক প্রদত্ত আর্থিক সহায়তা ও ইউজিসির অবদানের স্বীকৃতির বিষয়টি উল্লেখ করিতে হইবে;

(জ) ইউজিসি প্রফেসরকে নির্ধারিত মেয়াদের মধ্যে তাঁহার গবেষণাকর্মের ওপর বছরান্তে ন্যূনতম ১ (এক)টি সেমিনার আয়োজন করিতে হইবে;

(ঝ) ইউজিসি প্রফেসর সংযুক্ত বিশ্ববিদ্যালয়ে বিষয়সংশ্লিষ্ট একটি কোর্সে লেকচার প্রদান অথবা গবেষণা কার্যক্রমের তত্ত্বাবধান করিতে পারিবেন;

(ঞ) ইউজিসি প্রফেসরকে বছরান্তে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে গবেষণা কাজের প্রতিবেদন কমিশনে জমা দিতে হইবে;

(ট) ইউজিসি প্রফেসরকে বছরান্তে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/সরকারি হাসপাতালের মাধ্যমে শারীরিক সুস্থতার প্রতিবেদন কমিশনে জমা দিতে হইবে;

(ঠ) ইউজিসি প্রফেসর-এর গবেষণা সহকারী/সহযোগী ১ (এক) জন মাস্টার্স/এমফিল/পিএইচডি ডিগ্রিধারী অথবা অধ্যয়নরত শিক্ষার্থী হইতে হইবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(ড) ইউজিসি প্রফেসরশিপে থাকাকালীন বহিঃবাংলাদেশ গমনের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং দেশে প্রত্যাবর্তনের পর কমিশনকে অবহিত করিতে হইবে। এছাড়াও নির্বাচিত 'ইউজিসি প্রফেসর' এক বৎসরে সর্বোচ্চ ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন। ইহার অতিরিক্ত ছুটি ভোগ করিলে উহা বিনা বেতনে ছুটি বলিয়া গণ্য হইবে।

৮. সম্মানী ও আনুষঙ্গিক সুবিধা : (ক) ইউজিসি প্রফেসরকে প্রতি মাসে জাতীয় বেতন স্কেল অনুযায়ী দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপকের মাসিক বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হইবে;

(খ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ প্রতি মাসে সর্বোচ্চ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা (বিল ভাউচার জমাদান সাপেক্ষে) প্রদান করা হইবে;

(গ) গবেষক বিষয়সংশ্লিষ্ট ১ (এক) জন গবেষণা সহকারী/সহযোগী (খন্ডকালীন) মাসিক ১২,০০০.০০ (বারো হাজার) টাকা এবং একজন অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট (খন্ডকালীন) মাসিক ১২,০০০.০০ (বারো হাজার) টাকা সম্মানী প্রাপ্য হইবেন;

(ঘ) গবেষকের গবেষণালব্ধ প্রবন্ধ বা পুস্তক প্রকাশের ক্ষেত্রে ইউজিসি থেকে যুক্তিসংগত সহায়তা প্রদান করা হইবে;

(ঙ) গবেষণা কাজে সহায়তা যেমন- কক্ষ বরাদ্দ, ল্যাব সুবিধা, ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার সরবরাহ ইত্যাদি সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।



CamScanner

৯. সার্চ কমিটি : ইউজিসি প্রফেসর নিয়োগের জন্য অধ্যাপকদের নাম সংগ্রহপূর্বক প্রাথমিকভাবে তালিকা প্রণয়নের জন্য নিম্নরূপভাবে সার্চ কমিটি গঠন করা হইবে-

সদস্য, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি ---------- আহবায়ক
পূর্ণকালীন সদস্যবৃন্দ, ইউজিসি ---------- সদস্য
কমিশনের খন্ডকালীন সদস্যদের মধ্য হইতে দুইজন উপাচার্য (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ----- সদস্য
বিশ্ববিদ্যালয় পর্যায়ের দুইজন প্রথিতযশা অধ্যাপক (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ---------- সদস্য
সচিব, প্রশাসন বিভাগ, ইউজিসি ---------- সদস্য
পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি ---------- সদস্য
অতিরিক্ত পরিচালক, স্কলারশিপ, ফেলোশিপ ও এওয়ার্ড অনুবিভাগ, আরজিএ বিভাগ, ইউজিসি ------ সদস্য
উপপরিচালক, স্কলারশিপ ও ফেলোশিপ শাখা, আরজিএ বিভাগ, ইউজিসি ---------- সদস্যসচিব

১০. সার্চ কমিটির কার্যপরিধি : ইউজিসি প্রফেসর নিয়োগের জন্য নাম সংগ্রহ করিয়া তালিকা প্রণয়নপূর্বক নিয়োগ কমিটি বরাবর সুপারিশ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে। এইক্ষেত্রে নাম সংগ্রহের প্রক্রিয়া সার্চ কমিটি কর্তৃক নির্ধারিত হইবে।

১১. নিয়োগ কমিটি : সার্চ কমিটি কর্তৃক সুপারিশকৃত অধ্যাপকদের নামের তালিকা মূল্যায়নপূর্বক ইউজিসি প্রফেসর নিয়োগের লক্ষ্যে নিম্নরূপভাবে নিয়োগ কমিটি গঠন করা হইবে-

চেয়ারম্যান, ইউজিসি ---------- আহবায়ক
পূর্ণকালীন সদস্যবৃন্দ, ইউজিসি ---------- সদস্য
পাবলিক বিশ্ববিদ্যালয়ের দুইজন উপাচার্য (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ---------- সদস্য
বিশ্ববিদ্যালয় পর্যায়ের দুইজন প্রথিতযশা অধ্যাপক (চেয়ারম্যান কর্তৃক মনোনীত) ---------- সদস্য
সচিব, প্রশাসন বিভাগ, ইউজিসি ---------- সদস্য
পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি ---------- সদস্যসচিব

১২. নিয়োগ কমিটির কার্যপরিধি :
(ক) ইউজিসি প্রফেসর নিয়োগের ক্ষেত্রে বিষয়ভিত্তিক পারদর্শিতা মূল্যায়ন করিতে হইবে;
(খ) যেই সকল অধ্যাপক একাডেমিক ক্ষেত্রে খ্যাতি অর্জন করিয়াছেন এবং সক্রিয়ভাবে গবেষণার কাজে নিয়োজিত রহিয়াছেন, সেই সকল অধ্যাপককে 'ইউজিসি প্রফেসর' হিসাবে নিয়োগ দিতে হইবে।

১৩. আদেশজারির কার্যকারিতা : কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

১৪. নীতিমালার সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ :
(ক) 'ইউজিসি প্রফেসরশিপ' নিয়োগ কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যেইকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করিবার ক্ষমতা কমিশনের ওপর ন্যস্ত থাকিবে;
(খ) এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা অথবা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে; এবং
(গ) 'ইউজিসি প্রফেসর' নিয়োগ প্রদানের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৪/০৬/২০২৫
ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৫/০৬/২৫
প্রফেসর ড. মামুন আহমেদ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



CamScanner